তাং ... 7 JAN ...7
পৃঃ ২৩ ... ৩

দৈনিক
ইত্তেফাক

# কিশোরগঞ্জে ১৮৫ সরকারি বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ শূন্য

■ কিশোরগঞ্জ প্রতিনিধি

কিশোরগঞ্জের ১৩ উপজেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে ৮০৮টি। তার মধ্যে দীর্ঘদিন ধরেই ১৮৫টি বিদ্যালয়ে প্রধান শিক্ষক নেই। উল্লেখিত বিদ্যালয়সমূহে প্রধান শিক্ষক না থাকায় একদিকে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া বিঘ্নিত হচ্ছে অপরদিকে সুষ্ঠুভাবে বিদ্যালয় পরিচালনার কাজও বাধাগ্রস্ত হচ্ছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, ভৈরব উপজেলায় প্রধান শিক্ষক বিহীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ১১টি, নিকলী উপজেলায় পাঁচটি, কিশোরগঞ্জ সদর উপজেলায় ১৬টি, পাকুন্দিয়ায় ৩৩টি, অষ্টগ্রামে ১০, বাজিতপুর উপজেলায় ২৪টি, ইটনা উপজেলায় আটটি, কুলিয়ারচরে ১৪টি, মিঠামইনে পাঁচটি, তাড়াইলে ১২টি, করিমগঞ্জে ১৭টি, কটিয়াদী এবং হোসেনপুর উপজেলায় ১৩ বিদ্যালয়ে প্রধান শিক্ষক নেই। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. সাজ্জাদ হোসেন জানান, দীর্ঘদিন যাবৎ পদোন্নতি বন্ধ থাকায় এবং প্রধান শিক্ষক পদে নতুন করে নিয়োগ না দেওয়ায় শূন্য পদগুলো পূরণ সম্ভব হচ্ছে না।